**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 01-11-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় তলিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচী- SIR-এ আজ রাজ্য জুড়ে BLO-দের চূড়ান্ত প্রশিক্ষণ পর্ব শুরু হয়েছে। # নজরুল মঞ্চে প্রশিক্ষণ চলাকালীন নিরাপত্তা এবং ‘অন ডিউটি’ হিসেবে গণ্য করার দাবীতে BLO-দের একাংশের, বিক্ষোভ।

২/ BLO–রা কাজ করতে গিয়ে হুমকির সম্মুখীন হলে, বিজেপি সবরকমের সাহায্য দেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

৩/ SIR নিয়ে রাজ্য জুড়ে আতঙ্ক ও বিভ্রান্তির অভিযোগে কর্মসূচী ঘোষণা তৃণমূল কংগ্রেসের।

৪/ তৃণমূল কংগ্রেসের দুর্নীতি মানুষের সামনে তুলে ধরতে বিজেপি-র যুব মোর্চা, ‘নমো যুব ওয়ারিয়র্স’ ওয়েবসাইটের সূচনা করেছে।

৫/ জলপাইগুড়ির দুধিয়া সেতু আজ আবার সাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে। # রক্ষণাবেক্ষণের কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল সকাল ৬’টা থেকে দুপুর ২’টো পর্যন্ত বন্ধ থাকবে।

৬/ রঞ্জি ট্রফি ক্রিকেটে আগরতলায় ত্রিপুরার বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এক উইকেটে ১৭১ রান করেছে।

*************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি- SIR এর প্রস্তুতিতে আজ রাজ্যজুড়ে বুথ লেভেল অফিসার-BLO-দের তিনদিনের চূড়ান্ত প্রশিক্ষণপর্ব শুরু হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশে কলকাতা ও বিভিন্ন জেলায় বিধানসভা ভিত্তিক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয় যা আগামী সোমবারের মধ্যেই সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী ১৬ দফা নির্দেশিকা বিএলওদের হাতে তুলে দেওয়া হয়েছে।

( একটি প্রতিবেদন- ভিসি অভিরূপ )

অন্যদিকে, এসআইআর প্রক্রিয়ায় রাজনৈতিক দলগুলির বুথ লেভেল এজেন্টদের (BLA) প্রশিক্ষণ পর্ব শুরু করতে কমিশন আলাদা নির্দেশিকা জারি করেছে। প্রতিটি বুথে বিএলও ও বিএলএরা একযোগে কাজ করবেন।

এদিকে, শিলিগুড়ির মাটিগাড়াতে আজ BLO ট্রেনিং-এর সময় নিরাপত্তার দাবীতে সরব হন অনেকে। BLO-দের উপযুক্ত নিরাপত্তা ও 'অন ডিউটি' SIR-এর কাজের দাবীতে সমর্থন করেছে শিক্ষানুরাগী ঐক্যমঞ্চ। সংগঠনের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী বলেছেন, নিরাপত্তা সুনিউশ্চিত না হলে প্রয়োজনে বিক্ষোভ ঘেরাও-এর পথেও যাবেন তারা।

***********************

রাজ্য সরকারের দুর্নীতি সহ অন্যান্য বিষয় থেকে নজর ঘোরাতে শাসক দল ইচ্ছাকৃতভাবে বিতর্ক তৈরীর চেষ্টা করছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

( বাইট- সুকান্ত )

BLO–রা কাজ করতে গিয়ে হুমকি বা নিরাপত্তা সংক্রান্ত সমদ্যার সম্মুখীন হলে, বিজেপি সবরকমের সাহায্য দেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

SIR নিয়ে যেভাবে রাজ্যে আতঙ্কের পরিবেশ তৈরী করা হচ্ছে, তাতে BLO-দের নিরাপত্তার বিষয়টিও কমিশনের দেখা উচিত বলে মন্তব্য করেছেন, CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী ।

( বাইট- সুজন )

***********************

ভোটার তালিকার বিশেষ নিবিড় পর্যালোচনা শুরুর মধ্যেই ভারত-বাংলাদেশ সীমান্তে বাংলাদেশী নাগরিকদের গ্রেপ্তারির খবর সামনে আসছে। উত্তর ২৪ পরগণার বসিরহাট মহকুমার স্বরূপনগরে ৪৫ জন বাংলাদেশীকে আটক করে আজ BSF পুলিশের হাতে তুলে দিয়েছে।

জানা গেছে, গতকাল গভীর রাতে বিথারি হাকিমপুর গ্রাম পঞ্চায়েতের তারানি সীমান্ত এলাকায় BSF টহল দেওয়ার সময়, এদের আটক করে। তারা সকলেই সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঢোকার চেষ্টা করছিল। ধৃত ৪৫ জনের মধ্যে ১১ 'টি শিশু। আজ তাদের বসিরহাট আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

উল্লেখ্য, গতকালও ভোর রাতে ওই একই এলাকায় চার শিশু সহ ১১'জন বাংলাদেশীকে গ্রেপ্তার করা হয়।

অবৈধ নাগরিকদের চিহ্নিত করার যে প্রয়াস শুরু হয়েছে, তাতে ভয় পেয়েই এই পলায়ন বলে বিজেপি অভিযোগ করেছে। দলের মুখপাত্র দেবজিৎ সরকার আকাশবাণীকে জানান, অনুপ্রবেশকারীদের চিহ্নিত করতে সাধারণ মানুষ, প্রশাসন, সকলকেই এগিয়ে আসতে হবে।

( বাইট-  দেবজিৎ সরকার )

***********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি নিয়ে রাজ্য জুড়ে আতঙ্ক ও বিভ্রান্তি তৈরির অভিযোগে আগামী মঙ্গলবার পথে নামছে তৃণমূল কংগ্রেস। এসআইআর শুরুর দিনই চৌঠা নভেম্বর রেড রোড থেকে জোড়াসাঁকো পর্যন্ত ঐ মিছিলে অংশ নেবেন দলের নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রমুখ। রাজ্যের মন্ত্রী, বিধায়ক, সাংসদ ও শাসক দলের কর্মী-সমর্থকরা এতে যোগ দেবেন বলে জানা গিয়েছে।

তৃণমূল নেতৃত্বের দাবি, এসআইআর প্রক্রিয়ার মাধ্যমে রাজ্য জুড়ে নাগরিকদের মধ্যে ভয়ের সঞ্চার করা হচ্ছে। তাই মুখ্যমন্ত্রী নিজে মাঠে নেমে মানুষের পাশে থাকার বার্তা দেবেন।

**********************

তৃণমূল কংগ্রেসের দুর্নীতি মানুষের সামনে তুলে ধরতে বিজেপি-র যুব মোর্চা, 'নমো যুব ওয়ারিয়র্স' ওয়েবসাইটের সূচনা করেছে। কলকাতায় আজ এক অনুষ্ঠানে রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য এর সূচনা করে বলেন, তৃণমূল কংগ্রেস সরকার নারীদের নিরাপত্তা এবং যুব সমাজকে কর্ম সংস্থান দিতে ব্যর্থ হয়েছে। প্রতিবছর বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আয়োজন করা হলেও, রাজ্যে কেনো বিনিয়োগ আসেনা, সে প্রশ্ন'ও তুলেছেন তিনি। পশ্চিমবঙ্গে পরিযায়ী শ্রমিকদের ফিরিয়ে আনার জন্য মুখ্যমন্ত্রী চেষ্টা করলেও, প্রতিদিন বিপুল সংখ্যক যুবক যুবতী জীবিকার সন্ধানে রাজ্য থেকে চলে যাচ্ছেন।

অনুষ্ঠানে এরাজ্যের বিজেপির পর্যবেক্ষক বিপ্লব দেব যুবকর্মীদের রাজ্যের মানুষের কাছে পৌঁছে পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতি এবং দলীয় আদর্শ তুলে ধরার আহ্বান জানিয়েছেন।

**********************

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল আগামী সপ্তাহে প্রকাশিত হতে পারে। এসএসসি সূত্রে জানা যাচ্ছে, আগে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল প্রকাশ করা হবে। তথ্য যাচাই ও ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হওয়ার পর নবম-দশমের শিক্ষক নিয়োগের ফল প্রকাশ করা হবে। নভেম্বরের প্রথম সপ্তাহে ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে বলে সুপ্রিম কোর্টে জানিয়েছিল স্কুল সার্ভিস কমিশন। গত ৭ ও ১৪ই সেপ্টেম্বর নিয়োগ পরীক্ষা হয়েছিল। একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪টি শূন্য পদের জন্য দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন পরীক্ষা দিয়েছিলেন। নবম-দশমের ২৩ হাজার ২১২টি শূন্য পদের জন্য ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন পরীক্ষা দিয়েছিলেন। চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।

**********************

জলপাইগুড়িতে দুধিয়া সেতু আজ আবার সাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে। টানা বৃষ্টির জেরে গত সন্ধ্যা থেকে বন্ধ করে দেওয়া হয়েছিলো সেতুটি। আজ সকালে জলস্তর কমে যাওয়ায় যান চলাচল স্বাভাবিক হয়। বালাসন নদীর জলস্তর উদ্বেগজনকভাবে বেড়ে যাওয়ায় প্রশাসনের পক্ষ থেকে গতকাল সতর্কতা জারি করা হয়। রাতভর পরিস্থিতি নজরে রাখেন পূর্ত দফতরের আধিকারিকরা। গুরুত্বপূর্ণ কিছু যানবাহন চলাচল করলেও সাধারণ যানবাহনের জন্য বন্ধ ছিল সেতু। জেলা প্রশাসনের তরফে জানানো হয়েছে, সতর্কতা এখনও জারি থাকলেও বর্তমানে আশঙ্কার কিছু নেই।

**********************

যাত্রী সুরক্ষায় রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আরও এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামীকাল ( রবিবার)  সকাল ছ'টা থেকে দুপুর দুটো পর্যন্ত এই সেতুটি সম্পূর্ণভাবে বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

ওই সময় এই সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

**********************

সর্দার বল্লবভাই প্যাটেলের ১৫০-তম জন্মবার্ষিকী উদযাপনে রাজ্য জুড়ে নানা কর্মসূচীর আয়োজন করা হয়েছে। আগামী ১৫'ই নভেম্বর পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে আয়োজিত হবে অঙ্কন প্রতিযোগিতা, দৌড়, কুইজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

কলকাতার উত্তরে আজ সর্দার@১৫০ ঐক্য পদযাত্রার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বঙ্গবাসী কলেজের অধ্যাপক অধ্যাপিকারা এবং 'মেরা যুব ভারত'-এর রাজ্য অধিকর্তা অশোক সাহা।

**********************

দক্ষিণবঙ্গের উত্তরাংশের ওপর থাকা নিম্নচাপের প্রভাবে, আজ কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, নদীয়া ও দুই মেদিনীপুর জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

অন্যদিকে উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ারে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**********************

আগরতলায় মহারাজা বীর বিক্রম স্টেডিয়ামে চারদিনের রনজি ট্রফি ক্রিকেটের প্রথম দিনে আজ ত্রিপুরার বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এক উইকেটে ১৭১ রান করেছে। টসে জিতে ত্রিপুরা, বাংলাকে ব্যাট করতে পাঠায়।

হাবিব গান্ধী ৮২ ও সুদীপ ঘরামী ৭০ রানে অপরাজিত আছেন।

*****************************************************************